# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১৩১]

পর্ব-১২: তাত্বীক্ব (রুকূ’তে দু' হাত হাঁটুদ্বয়ের মাঝে স্থাপন) করা (كتاب التطبيق)

পরিচ্ছেদঃ ৭১: অন্য প্রকার দু'আ

نَوْعٌ آخَرُ

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ. قال: أَنْبَأَنَا جَرِيرٌ، عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِبْرَاهِيمَ، عَنْ عَائِشَةَ، قالت: فَقَدْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ لَيْلَةٍ فَوَجَدْتُهُ وَهُوَ سَاجِدٌ وَصُدُورُ قَدَمَيْهِ نَحْوَ الْقِبْلَةِ فَسَمِعْتُهُ يَقُولُ: أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ وَأَعُوذُ بِمُعَافَاتِكَ مِنْ عُقُوبَتِكَ وَأَعُوذُ بِكَ مِنْكَ لَا أُحْصِي ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا أَثْنَيْتَ عَلَى نَفْسِكَ .

تخريج دارالدعوه: سنن الترمذى/الدعوات ٧٦ (٣۴٩٣)، (تحفة الأشراف: ١٧٥٨٥)، موطا امام مالک/القرآن ٨ (٣١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1131 - صحيح

বাংলা

১১৩০. ইসহাক ইবনু ইবরাহীম (রহ.) ..... ’আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক রাতে আমি রাসূলুল্লাহ (সা.) -কে হারিয়ে ফেললাম। পরে তাকে সিজদারত অবস্থায় পেলাম; তাঁর পায়ের আঙ্গুলগুলো ছিল কিবলার দিকে। তাঁকে বলতে শুনলাম –
“আউযু বিরিযা-কা মিন সাখাত্বিকা ওয়াআ’উযু বিমু’আ-ফা-তিকা মিন ’উকূবাতিকা ওয়াআ’উযুবিকা মিনকা লা-উহসী সানা-আন ’আলায়কা আনতা কামা- আসনায়তা ’আলা- নাফসিকা।” (আমি পানাহ চাই তোমার সন্তুষ্টির মাধ্যমে তোমার গজব থেকে, তোমার নিরাপত্তার মাধ্যমে তোমার ’আযাব থেকে। আমি পানাহ চাই তোমার নিকট তোমার [অসন্তোষ] থেকে। তোমার প্রশংসা বর্ণনা করে আমি শেষ করতে পারবো না। তুমি তেমন, যেমন তুমি তোমার বিবরণ দিয়েছো।)।

## English

71. Another Kind

It was narrated that 'Aishah said: I noticed the Messenger of Allah (ﷺ) was missing one night and I found him prostrating with the tops of his feet facing toward the Qiblah. I heard him saying: 'A'udhu biridaka min sakhatika, wa a'udhu bimu 'afatika min 'uqubatika wa a'udhu bika minka la uhsi thana'an 'alaika anta kama athnaita 'ala nafsik (I seek refuge in Your pleasure from Your wrath; I seek refuge in Your forgiveness from Your punishment; I seek refuge in You from You. I cannot praise You enough, You are as You have praised Yourself.)

### ফুটনোট

হাসান: তিরমিযী ৩৪৯৩। [দ্রঃ ১১০০]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87504

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন